



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.patuakhali.gov.bd

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) কর্তৃক বাস্তবায়নাধীন “Costal Embankment Improbment Project, Phase-১(CEIP-১)” শীর্ষক প্রকল্পের আওতায় পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাস্থ পোন্ডার নম্বর-৪৩/২ সি এর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ, পুনর্বাসন ও রেগুলেটর নির্মাণের নিমিত্তে ১০টি মৌজার ৫৭.১৫৫০(সাতান্ন দশমিক এক পাঁচ পাঁচ শূন্য) একর ভূমি অধিগ্রহণ প্রস্তাবের অনুকূলে সৃজিত ০৩/২০২০-২১ নম্বর এলএ কেসের নথি ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ শাখা-১ হতে ২২-০৬-২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৮.৪৭.০৪৭.০২৮.২১-৮৭ নম্বর স্মারকে সরকার কর্তৃক শর্ত সাপেক্ষে অনুমোদিত হয়ে ফেরত এসেছে। ইতিমধ্যে যৌথ তদন্ত (ফিল্ড বুক) পাওয়া গেছে।

এ অবস্থায়, ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ শাখা-১ হতে ১০-১২-২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০০১.১৭(অংশ-১)-৪৫৪ নম্বর স্মারকে “স্বাভাবিক অধিগ্রহণ ও হকুমদখল আইন-২০১৭” বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশনাবলীর ১২ নম্বর অনুচ্ছেদ মোতাবেক প্রস্তুতকৃত যৌথ তালিকায় (ফিল্ড বুক) কোন আপত্তি থাকলে গণবিজ্ঞপ্তি জারির ০৭(সাত)কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, বরিশাল/ জেলা প্রশাসক, পটুয়াখালী-এর বরাবর লিখিত আপত্তি দাখিলের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আপত্তি বাতিল মর্মে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ কামাল হোসেন
জেলা প্রশাসক
পটুয়াখালী

ফোন: ০৪৪১-৬২৩০০


e-mail : dcpatuakhali@mopa.gov.bd

স্মারক নম্বর: ৩১.১০.৭৮০০.০১৩.০৯.০১২.২০- ৪৪২

তারিখ: ০৬ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ।
২৫ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- | | | |
|-----|--|---|
| ০১। | বিভাগীয় কমিশনার, বরিশাল। এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা মহোদয়ের কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো। | |
| ০২। | নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। | |
| ০৩। | উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী। | এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা তীর কার্যালয়ের নোটিশ বোর্ডে, প্রকল্পের নিকটবর্তী সুবিধাজনক স্থানে ও ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ০৪। | সহকারী কমিশনার (ভূমি)
গলাচিপা, পটুয়াখালী। | |
| ০৫। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ
গলাচিপা, পটুয়াখালী। | এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ০৬। | সহকারী প্রোগ্রামার
জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী। | এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উহা জেলা প্রশাসক, পটুয়াখালী-এর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ০৭। | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা
পৌর ভূমি অফিস, গলাচিপা, পটুয়াখালী। | এক সেট যৌথ তদন্ত (ফিল্ডবুক) এতদসঙ্গে সংযুক্ত করা হলো। বিজ্ঞপ্তিসহ উহা নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ০৮। | নোটিশ বোর্ড। | |
| ০৯। | মাস্টার ফাইল/ অফিস কপি। | |



জেলা প্রশাসক
পটুয়াখালী।